গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০১.২৩-৫৩৩

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৭ জুন ২০২৬

বিষয়: ০১ জুলাই ২০০৪ সালের পূর্বে বিএমইটি'র ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স (এনালগ) গ্রহণকারী প্রবাসে কর্মরত কর্মীদের বোর্ডের মেম্বারশীপ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের অনুকূলে আর্থিক অনুদান, বীমা সুবিধা, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি, প্রতিবন্ধী ভাতা, চিকিৎসা সহায়তাসহ অন্যান্য সকল সেবা কার্যক্রম অনলাইন MIS Software এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। বিগত ০১ জুলাই ২০০৪ সালের পূর্বে প্রবাসে গমনকারী যেসকল কর্মীগণ বিএমইটির ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স (এনালগ) নিয়ে বিদেশ গমন করেছেন, তাঁদের ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স অনলাইন প্ল্যাটফর্মে যাচাই করা সম্ভব হচ্ছে না। ফলে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবার বোর্ডের সকল সেবা হতে বঞ্চিত হচ্ছেন। সে প্রেক্ষিতে প্রবাসে কর্মরত কর্মীগণ অনলাইনে বোর্ডের মেম্বারশীপ গ্রহণপূর্বক সকল সেবা গ্রহণ করতে পারবেন।

এমতাবস্থায়, ০১ জুলাই ২০০৪ সালের পূর্বে বিএমইট'র ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স (এনালগ) গ্রহণকারী প্রবাসে কর্মরত কর্মীদেরকে সংশ্লিষ্ট দেশের দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট এর মাধ্যমে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে বোর্ডের মেম্বারশীপ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

7/6/2026

(মোঃ আসাদুজ্জামান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮৩১৮২০৪ (অফিস)
ই-মেইল: dg@wewb.gov.bd

বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট
শ্রম কল্যাণ উইং (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিষ্ট/উপপরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৬। সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), প্রবাসী কল্যাণ সেন্টার, সকল।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১০। অফিস নথি/২০২৬।